Toronto District School Board

14 এপ্রিল, 2020

প্রিয় পিতা/মাতা এবং অভিভাবকগণ,

টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এ আমরা দূরবর্তী শিক্ষণের (remote learning) দ্বিতীয় সপ্তাহে প্রবেশ করছে, এবং শিক্ষার্থী ও শিক্ষকদের সামনা-সামনি বা ফেইস-টু-ফেইস শিক্ষণ থেকে দূরবর্তী শিক্ষণে রূপান্তরে সাহায্য করার সাথে সাথে আমি আপনাদের অংশীদারিত্ব এবং ধৈর্যশীলতার জন্য ধন্যবাদ জানাতে চাই

আপনাদের অনেকেই সম্ভবত শুনেছেন যে মুখ্যমন্ত্রী (প্রিমিয়ার) ডাগ ফোর্ড ঘোষণা করেছেন যে পূর্বে নির্দেশিত 4 মে তারিখে শিক্ষার্থীরা স্কুলে ফিরতে পারবে না। তিনি জোর দিয়ে বলেছেন যে এটির অর্থ এই নয় যে স্কুল-শিক্ষাবর্ষ বাতিল করা হয়েছে এবং যে শিক্ষা মন্ত্রণালয় (মিনিস্ট্রি অব এডুকেশন) আসন্ন দিনগুলোতে আরও বিস্তারিত তথ্য প্রদান করবে। যেই মুহূর্তে আমরা আরও তথ্য জানবো এবং জানানোর মত বিস্তারিত তথ্য আমাদের কাছে থাকবে, সেই মুহূর্তেই আমরা আপনাদের তা জানাবো।

আমরা জানি যে পরিবারসমূহের অনেক প্রশ্ন আছে এবং তারা এই মুহূর্তে অসংখ্য সমস্যার সম্মুখীন হচ্ছেন এবং আমাদের কর্মচারীগণ যথা সম্ভব সহায়তা প্রদান করতে চান। ফলে, শিক্ষকগণ বিভিন্ন পন্থায় পরিবারসমূহের সাথে সংযোগ স্থাপন করছেন, যেমন গুগল ক্লাশরুম (Google Classroom) বা ব্রাইটস্পেইস (Brightspace)-এর মতন সফটওয়ার প্রচার মাধ্যম (প্লাটফর্ম) অথবা ইমেইল, টেলিফোন বা এমনকি সরাসরি ডাকের মাধ্যমে।

আমরা একত্রে গত দুই সপ্তাহ ধরে এই প্রক্রিয়াটির মাধ্যমে কাজ করতে গিয়ে আমাদের শিক্ষার্থীগণ, পরিবারগণ এবং কর্মচারীদের কাছ থেকে মূল্যবান মতামতসমূহ পেয়েছি। যে পরামর্শসমূহ প্রদান করা হয়েছে এবং যে উদ্বেগসমূহ উত্থাপন করা হয়েছে সেগুলোতে ব্যাপক ভিন্নতা রয়েছে। আমাদের সাড়া যথাযথ হতে সাহায্য করতে, আগামী পথ চলায় আমাদের কর্মকে পথপ্রদর্শন করানোর জন্য আমাদের পাঁচটি নীতি রয়েছে:

1. সকলের স্বাস্থ্য এবং কল্যাণকে অগ্রাধিকার প্রদান করা।
2. বিভিন্ন উপায়ে শিক্ষার ধারাবাহিকতা রক্ষা করার উপর মনোযোগ নিবদ্ধ করা।
3. একে অন্যের সাথে সম্পর্ক এবং সংযোগ বজায় রাখা।
4. সকল শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করা, বিশেষকরে তাদের যারা ঐতিহাসিকভাবেই অবহেলার শিকার হয়েছে এবং তাদের যারা বিভিন্ন কারণে দূরবর্তী শিক্ষণে কার্যকরভাবে অংশগ্রহণ করতে সক্ষম নাও হতে পারে।
5. এই দূরবর্তী স্থানটিতে কার্যকর হওয়ার জন্য কর্মচারীদের সক্ষমতা গড়ে তোলা।

অনুগ্রহ করে জেনে রাখুন যে আমরা প্রতিটি শিক্ষার্থীকে বাড়িতে দূর থেকে এবং নিরাপদে শিক্ষা চালিয়ে যাওয়ার সুযোগ প্রদান করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা আমাদের যত্নশীল কর্মচারীদের এই দূরবর্তী শিক্ষণ পরিবেশে সম্ভাব্য সবচেয়ে কার্যকর উপায়ে আপনার সন্তানদের সেবা প্রদান করার জন্য সহায়তাও প্রদান করি। যথারীতি, আমরা আপনাদের হালনাগাদ করা চালিয়ে যাবো। নিচে আপনি কিছু বিষয় সম্পর্কে তথ্য পাবেন:

- শিক্ষার্থীদের জন্য অনলাইন সংক্রান্ত নিরাপত্তা
- যন্ত্রসমূহ (Devices) বিতরণ
- শিক্ষা সফর, স্নাতক ডিগ্রী প্রদান অনুষ্ঠান এবং অন্যান্য ঘটনাবলী
- প্রশ্ন বা উদ্বেগসমূহ সম্পর্কে কর্মচারীদের সাথে যোগাযোগ করা
- অনলাইন শিক্ষা সংক্রান্ত প্লাটফর্ম
- শিক্ষার্থীর মূল্যায়ন
- মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্য-সম্পদ

শিক্ষার্থীদের জন্য অনলাইন সংক্রান্ত নিরাপত্তা

এই সময় যখন অনেক শিক্ষার্থীই বর্ধিত পরিমাণ সময় অনলাইনে অতিবাহিত করছে, অনলাইন সংক্রান্ত নিরাপত্তার অনুশীলণ জোরদার করার গুরুত্ব অকল্পনীয়। ইন্টারনেট আমাদের কমিউনিটিকে শেখা এবং সংযোগ স্থাপন করার জন্য অনেক সুযোগ-সুবিধা প্রদান করে, কিন্তু এটি সাইবারবুলিং (অনলাইনে হেনস্থা), সামাজিক মাধ্যমের অযথাযথ ব্যবহার, গোপনীয়তার বিষয়সমূহের ক্ষেত্রে যুবাদের বিপদে ফেলতে পারে। নিচে আপনি আপনার পরিবারের সাথে অনলাইন নিরাপত্তা সম্পর্কে আলোচনায় সাহায্য করার জন্য তথ্য পাবেন। আমরা একত্রে কাজ করলে – পিতা-মাতা/অভিভাবক, শিক্ষার্থী এবং শিক্ষকগণ – আমরা আমাদের শিক্ষার্থীদের অনলাইন সংক্রান্ত ঝুঁকি বা বিপদসমূহ থেকে নিরাপদ রাখায় সাহায্য করতে পারি।

এখানে পিতা-মাতা/অভিভাবক এবং শিক্ষার্থীদের জন্য অনলাইন নিরাপত্তা সংক্রান্ত কিছু পরামর্শ দেওয়া হল:

- প্রাপ্তবয়স্কের অনুমতি ব্যতিরেকে ইন্টারনেটে শিক্ষার্থীরা কখনই ব্যক্তিগত তথ্য, যেমন তাদের টেলিফোন নম্বর, ঠিকানা, সোশ্যাল ইনস্যুরেন্স নাম্বার, জন্ম-তারিখ, ব্যক্তিগত ছবি বা আর্থিক বিষয় সংক্রান্ত তথ্য প্রদান করবে না;
- যদি শিক্ষার্থীরা কোনও বার্তা, মন্তব্য, ছবি বা যেকোন কিছু অনলাইনে দেখে যা তাদের ব্যক্তিগত নিরাপত্তার ব্যাপারে উদ্বিগ্ন বা অস্বাচ্ছন্দ্যবোধ করায়, তাদেরকে অবিলম্বে এটি একজন প্রাপ্তবয়স্কের নজরে আনতে হবে; এবং
- পিতা-মাতা/অভিভাবকদের সচেতন হতে হবে এবং ওয়েবসাইটসমূহ, ভিডিও গেমস এবং অ্যাপস যা আপনার সন্তান ব্যবহার করছে সেগুলো যথাযথ এবং নিরাপদ উপায়ে ব্যবহার করা হয় কিনা তা নিশ্চিত করার জন্য নিরীক্ষণ করতে হবে।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে TDSB Online Safety web page যান।

অনলাইন শিক্ষা সংক্রান্ত প্লাটফর্ম এবং ওয়েব কনফারেন্সিং

টিডিএসবি (TDSB) শিক্ষকদের শিক্ষার্থীদের সাথে দূর থেকে সংযোগ স্থাপন করার জন্য অনলাইন শিক্ষা সংক্রান্ত প্লাটফর্ম এবং ভিডিও কনফারেন্সিংয়ের বিকল্পসমূহ প্রদান করে। কোন প্লাটফর্ম(সমূহ) ব্যবহার করা হবে তা স্বতন্ত্র শিক্ষকদের সিদ্ধান্ত এবং তাদের নিজেদের জ্ঞান ও স্বাচ্ছন্দ্যের স্তর এবং শিক্ষার্থী ও পারিবারিক অবস্থাসমূহ বিবেচনা করে সবচেয়ে ভালকরে কিভাবে শিক্ষার্থী এবং পরিবারসমূহকে সম্পৃক্ত করা যাবে তার

উপর ভিত্তি করেই হয়। শিক্ষার্থী এবং পরিবারসমূহের জন্য এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে প্রতিটি শ্রেণীর দূরবর্তী শিক্ষণ ভিন্ন হবে এবং তা শিক্ষকের পেশাগত বিবেচনার উপর ভিত্তি করেই হবে।

শিক্ষকদের ভিডিও কনফারেন্সিং ব্যবহার করার জন্য অনুমতিপ্রাপ্ত তবে তাদের এটি করা বাধ্যতামূলক নয়। সকল শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করাই আমাদের সাধারণ লক্ষ্য। এটি বিভিন্ন উপায়ে এবং বিভিন্ন কৌশল ও অনলাইন সরঞ্জামসমূহ ব্যবহার করে সম্পন্ন করা হবে। আমাদের প্রত্যাশা এই যে শিক্ষকগণ এবং কিন্ডারগার্টেনে মনোনীত শৈশবকাল বিষয়ক শিক্ষকগণ বা আর্লি চাইল্ডহুড এডুকেটররা তাদের শিক্ষার্থীদের সাথে নিয়মিত ভাবে সম্পৃক্ত থাকার জন্য যথাযথ কোনও পদ্ধতি ব্যবহার করবেন যাতে শিক্ষা বিষয়ক করণীয় কাজ এবং তথ্য-সম্পদসমূহ পেতে শিক্ষার্থীরা সক্ষম হয়, শিক্ষার্থীদের কল্যাণ পরীক্ষা করা নিশ্চিত করার যায় এবং শিক্ষার্থীদের মতামত প্রদান করা যায়।

আমরা স্বীকার করি যে যে সকল পরিবারের বিশেষ শিক্ষা সংক্রান্ত চাহিদাসম্পন্ন (স্পেশাল এডুকেশন নিডস) শিক্ষার্থী রয়েছে বা ইংরেজী শিক্ষারত বা ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (English Language Learners)-দের অনন্য শিক্ষা সংক্রান্ত চাহিদাসমূহে সহায়তা করার জন্য নির্দিষ্ট মনোযোগের প্রয়োজন হতে পারে। টিডিএসবি-তে আমাদের সকল বৈচিত্রময় শিক্ষার্থীকে সহায়তা করাই অগ্রাধিকার এবং শিক্ষক ও ইএসএল/ইএলএল (ESL/ELL) কর্মচারীগণ বিশেষ শিক্ষা সংক্রান্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থী যারা অন্টারিও কারিকুল্যাম বা অ্যাল্টারন্যাটিভ কারিকুলাম বা ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স এ অধিগমন করছে তাদের আইইপি (IEP)-তে বর্ণিত নির্দিষ্ট শক্তি ও চাহিদাসমূহ সহ শিক্ষার্থীর জন্য স্বতন্ত্র কার্যক্রম তৈরি করতে অন্য স্কুলের কর্মচারীদের সাথে কাজ করা চালিয়ে যান। পরিবারসমূহকে শেখায় সাহায্য করতে তথ্য-সম্পদ ও সম্পূরক সরঞ্জামসমূহ পাওয়ার জন্য বিশেষ শিক্ষা সংক্রান্ত তথ্য-সম্পদসমূহ (স্পেশাল এডুকেশন নিডস - Special Education Resources) বা ইএসএল সংক্রান্ত তথ্য-সম্পদসমূহ (ইএসএল রিসোর্সেস - ESL Resources) পৃষ্ঠায় যেতে উৎসাহিত করা হচ্ছে।

শিক্ষাথীদের যন্ত্রসমূহ বিতরণ

যেসকল শিক্ষার্থীর দূরবর্তী শিক্ষণের জন্য যন্ত্রের প্রয়োজন, আমরা সে সকল শিক্ষার্থীকে ধারে যন্ত্রসমূহ (লোন ডিভাইস) প্রদান করার বন্দোবস্ত করেছি। আপনি হয়ত অনুমান করতে পারবেন, এর জন্য আমরা অসংখ্য অনুরোধ পেয়েছি - প্রায় 29000 পরিবারের যন্ত্র প্রয়োজন - তবে কর্মচারীগণ যত দ্রুত সম্ভব এই যন্ত্রসমূহ তৈরি এবং বিতরণ করার জন্য দিন রাত্রি কাজ করছেন। আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি যে যন্ত্রসমূহ আমাদের শিক্ষার্থীদের বাড়িতে সরাসরি পাঠিয়ে এটি নিশ্চিত করতে যে পরিবারসমূহ যেন বাড়িতে নিরাপদে থাকতে পারেন। এই বিকল্পটিতে বেশি সময় লাগবে ঠিকই তবে আমাদের কমিউনিটিসমূহের সুরক্ষাই আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার। যদি আপনার সন্তান একটি যন্ত্র পায়, আমরা প্রযুক্তিগত সমস্যাসমূহে পরিবারগুলোকে সাহায্য করবো। আমরা যন্ত্রটি পাঠানোর সময় তার সাথে তথ্যসমূহ অন্তর্ভুক্ত করে দেবো। শিক্ষার্থীরাও যন্ত্র সংক্রান্ত সমস্যাসমূহের ব্যাপারে অবহিত করার জন্য তাদের শিক্ষকদের সাথে যোগাযোগ করতে পারে।

আমরা দূরবর্তী শিক্ষণে সাহায্য করার জন্য বিশেষ শিক্ষা সংক্রান্ত চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন অ্যামাউন্ট (এসইএ) [Special Education Amount (SEA)]-এর উপকরণ পাওয়াও নিশ্চিত করতে চাই।

পরিবার এবং স্কুলসমূহ স্পেশাল এডুকেশন সী (Special Education SEA) দল, ওটি/পিটি (OT/PT) দল এবং আইটি (IT) দলের সাথে একত্রে কাজ করে নিশ্চিত করবেন যে শিক্ষার্থীদের কাছে যেন ক্রোমবুকস (Chromebooks) বা নির্দিষ্ট ও বিশেষায়িত উপকরণ প্রদান করা হয়।

শিক্ষার্থীর মূল্যায়ন

আমি জানি যে এই তথ্যটি আপনাদের পূর্বেও জানানো হয়েছে তবে এটি গুরুত্বপূর্ণ যে আপনি এবং আপনার সন্তান দূরবর্তী শিক্ষণের মূল্যায়ন প্রক্রিয়াটি বুঝতে পারেন।

প্রাথমিক শ্রেণীর শিক্ষার্থীদের ক্ষেত্রে, শিক্ষকগণ শিক্ষার্থীর শিক্ষণ সংক্রান্ত প্রমাণ সংগ্রহ করার বিভিন্ন পন্থাসমূহ ব্যবহার করবেন এবং শিক্ষার্থীদের তাদের অগ্রগতি সম্পর্কে অর্থপূর্ণ মতামত প্রদান করবেন। বন্ধ থাকাকালীন সময়, একটি বিষয়ের ক্ষেত্রে চূড়ান্ত মান প্রদান করার সময় শিক্ষণে উল্লেখযোগ্য উন্নতির প্রমাণ শিক্ষক দ্বারা বিবেচনা করা হতে পারে। অন্যথায়, 13 মার্চ, 2020 তারিখে স্কুল বন্ধ হয়ে যাওয়া আগ পর্যন্ত 1ম থেকে ৪ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের তাদের শিক্ষণের উপর ভিত্তি করে অর্জিত মানসমূহ প্রদান করা হবে। কিন্ডারগার্টেন থেকে ৪ম শ্রেণী পর্যন্ত সকল শিক্ষার্থী একটি জুন রিপোর্ট কার্ড পাবে।

অন্টারিও ইউনিভার্সিটিস' অ্যাপ্লিকেশন সেন্টার (ওইউএসি) [Ontario Universities' Application Centre (OUAC)] এবং অন্টারিও কলেজ অ্যাপ্লিকেশন সার্ভিসেস (ওসিএএস) [Ontario College Application Service (OCAS) এর শেষ সময়সীমা সংক্রান্ত নিয়ম পূরণ করার জন্য **12শ শ্রেণীর শিক্ষার্থীদের** মধ্যবর্তী-শিক্ষাবর্ষ (মিড-টার্ম)-এর নম্বরসমূহ 27 এপ্রিল, 2020 তারিখের মধ্যেই নথিভুক্ত করা হবে। নম্বরসমূহ 13 মার্চ, 2020 তারিখ পর্যন্ত সম্পন্নকৃত করণীয় কাজগুলোকে প্রতিফলিত করবে (সেমিস্টার্ড বা অর্ধ-শিক্ষাবর্ষকৃত স্কুলের ক্ষেত্রে সেমিস্টারের শুরু থেকে অথবা সেমিস্টার্ড-নয় বা অর্ধ-শিক্ষাবর্ষ-নয় স্কুলগুলোর ক্ষেত্রে শেষ প্রাদেশিক রিপোর্ট কার্ডটি)। তবে, যে কাজগুলো 13 মার্চ তারিখের পূর্বে করণীয় ছিল শিক্ষকগণ সেই কাজগুলো গ্রহণ করতে পারেন এবং তারা 6 এপ্রিল তারিখের পরে শিক্ষার্থীদের তাদের শিক্ষণ প্রদর্শন করার সুযোগ প্রদান করতে অতিরিক্ত কাজসমূহ বরাদ্দ করতে পারেন। এই কাজসমূহ মধ্যবর্তী-শিক্ষাবর্ষের নম্বর হিসেবে তখনই কেবলমাত্র বিবেচনা করা হবে যদি এটি তাদের 13 মার্চ তারিখের নম্বরের চেয়ে বেশী হয়।

মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের ক্ষেত্রে, দূরবর্তী শিক্ষণের সময় শিক্ষকগণ করণীয় কাজ, প্রকল্প এবং চূড়ান্ত কর্মকাণ্ডসমূহ বরাদ্দ করবেন এবং মতামত প্রদান করবেন; তবে এই কাজগুলিতে প্রাপ্ত নম্বর চূড়ান্ত নম্বর হিসেবে কেবলমাত্র তখনই বিবেচিত হবে যদি এটি শিক্ষার্থীর নম্বর উন্নত করে। তা নাহলে, জুন মাসে দাখিল করা চূড়ান্ত নম্বরসমূহ 13 মার্চ, 2020 তারিখের মধ্যে সম্পন্নকৃত কাজকে প্রতিফলিত করবে।

আমরা বুঝতে পারি যে পরিবারসমূহ শিক্ষণ সংক্রান্ত ফাঁকসমূহ নিয়ে উদ্বিগ্ন হতে পারেন যা দূরবর্তী শিক্ষণের সময় সৃষ্টি হতে পারে। যখন স্কুল বন্ধের সময় শেষ হবে এবং পরবর্তী শরৎকাল হবে, তখন আমরা প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত চাহিদাসমূহ বোঝার জন্য খুবই সঙ্কল্পবদ্ধ থাকবো এবং যেখানে প্রয়োজন, সেখানে আমরা যথাযথভাবে মধ্যস্থতা করবো।

সকল শিক্ষার্থীই অনলাইন বা মূদ্রিত তথ্য-সম্পদসমূহের মাধ্যমে শিক্ষণ গ্রহণকরতে সক্ষম হবে। কিছু কিছু শিক্ষার্থী আগামী কয়েকমাস আমরা নম্বরসমূহ নিয়ে যেভাবে অগ্রসর হচ্ছি তার আলোকে শিক্ষা চালিয়ে যাওয়ার ব্যাপারে উদ্বুদ্ধ নাও হতে পারেন, কিন্তু আমরা যেক্ষেত্রে সম্ভব শিক্ষার্থীদের তাদের শিক্ষণে সম্পৃক্ত থাকার জন্য অনুরোধ করি। যখন আমরা নিয়মিত শ্রেণীকক্ষ পরিবেশ এবং স্কুলের পরিবেশে ফিরে আসতে সক্ষম হবো, তখন এটি শিক্ষার্থীদের সাহায্য করবে। এমনকি, যদি একজন শিক্ষার্থী বাড়িতে শিক্ষণের ধারাবাহিকতায় অংশগ্রহণ করতে অপারগ বোধ করেন, আমরা অনুরোধ করি যে তারপরেও তারা যেন তাদের স্কুলের সাথে সংযুক্ত থাকেন এবং তাদের শিক্ষকদের সাথে যোগাযোগ রাখেন।

শিক্ষা সফর, স্নাতক ডিগ্রীর অনুষ্ঠান এবং অন্যান্য ঘটনাবলী

আমাদের আসন্ন শিক্ষা সফর, স্নাতক ডিগ্রীর অনুষ্ঠান, শিক্ষার্থীদের আনুষ্ঠানিক নাচ (প্রমস) এবং অন্যান্য অসংখ্য কর্মকাণ্ডসমূহ সম্পর্কে আমরা অনেক প্রশ্ন পেয়েছি। আগামী সপ্তাহসমূহ সম্পর্কে প্রদত্ত অনিশ্চয়তাটির কারণে আমরা স্কুল শিক্ষাবর্ষের অবশিষ্ট সময়ের জন্য সকল শিক্ষা সফর এবং রাত্রি কালীন সফরসমূহ বাতিল করার কঠিন সিদ্ধান্তটি গ্রহণ করেছি। অন্যান্য সকল কর্মকাণ্ডসমূহ সম্পর্কে, যেমন স্নাতক ডিগ্রী প্রদানের অনুষ্ঠান এবং শিক্ষার্থীদের আনুষ্ঠানিক নাচ, আমরা এগুলোর বিস্তারিত পরিকল্পনা খুব শীঘ্রই নিশ্চিত করার জন্য কাজ করছি।

মানসিক স্বাস্থ্য এবং তথ্য-সম্পদসমূহ

আমরা বুঝতে পারি যে অনেক পরিবারের জন্য এটি একটি সমস্যার সময় এবং বিচ্ছিন্নতা (আইসোলেশন) মানসিক স্বাস্থ্য ও কল্যাণের ওপর প্রভাব ফেলতে পারে। প্রয়োজনে, অনুগ্রহ করে আমাদের মেন্টাল হেলথ এন্ড ওয়েল-বিইং (Mental Health and Well-being) ওয়েব পৃষ্ঠায় লভ্য আত্ন-নির্ভরতা এবং সেবা প্রদানকারীদের সম্পর্কিত মূল্যবান তথ্য অধিগত করুন। এটি গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের কমিউনিটিসমূহকে নিরাপদ রাখায় সাহায্য করতে একত্রে কাজ করি, শারীরীক এবং মানসিক উভয়ভাবেই।

আমরা আমাদের পরিবারসমূহকে সাহায্য করবো

আপনার অংশীদারিত্ব এবং ধৈর্য্যশীলতা আমি কতটুকু সমাদর করি তা আমি দৃঢ়ভাবে বলতে চাই। টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এ আপনার সন্তানের শিক্ষা ও সকল শিক্ষার্থীর শিক্ষায় আপনার নিরন্তর সাহায্য এবং প্রতিশ্রুতিবদ্ধতার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমরা জানি যে পথের মধ্যে বাধা-বিপত্তি ও সমন্বয়সাধনসমূহ থাকবেই, তবে আমরা একত্রে এই সমস্যাগুলো অতিক্রম করবো। এই মুহূর্তে যেটি গুরুত্বপূর্ণ সেটি হলো এই কঠিন সময়ে আপনার এবং আপনার পরিবারের নিরাপদে থাকা।

আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে সরাসরি আপনার সন্তানের শিক্ষককে ইমেইল করুন। আরও সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে স্কুলের প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন। স্কুল-ভিত্তিক আপনার কোনো প্রশ্ন আছে, কিন্তু ইমেইল অধিগমন করতে পারছেন না, এমন হলে অনুগ্রহ করে আপনার স্কুলে টেলিফোন করুন, ম্যাসেজ বা বার্তা রাখুন এবং কেউ না কেউ যত শীঘ্র সম্ভব আপনাকে ফেরত টেলিফোন করবে। ব্যবস্থা-ভিত্তিক আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার সুপারিনটেনডেন্টকে ইমেইল করুন। ইমেইল অধিগমন করতে না পারলে, অনুগ্রহ করে আপনার সুপারিনটেনডেন্টের কার্যালয় (Superintendent’s

Office)-এ টেলিফোন করুন, ম্যাসেজ রাখুন এবং কেউ না কেউ যত শীঘ্র সম্ভব আপনাকে ফেরত টেলিফোন করবে। আপনার স্কুলের যোগাযোগ-তথ্যের জন্য অনুগ্রহ করে ফাইন্ড ইওর স্কুল (Find Your School) ওয়েব পৃষ্ঠায় যান। যথারীতি, সর্বশেষ হালনাগাদের জন্য অনুগ্রহ করে টিডিএসবি ওয়েবসাইট (website)-এ যান।

আবারো, অনুগ্রহ করে আপনার নিজের এবং আপনার পরিবারের যত্ন নিন।

বিনীত,

John Malloy
Director of Education